HIGG (**Vision**), উদ্দেশ্য (**Mision**) ও ক্রমধারা কর্মসূচী**(Step by Step Approach)**

তারিখ ঃ ০৭.১২.২০১৮ ইং।

Universal Menswear Ltd. আচরণবিধির বাস্তবপ্রয়োগ ও ক্রমান্বয়ে উন্নতি সাধনে প্রতিশ্রুতি বদ্ধ। এরই ধারাবাহিকতায় ০৮/০১১/২০১৮ ইং তারিখে অংশগ্রহণ কমিটির সভায় সর্বসম্মতিক্রমে আচরণবিধি সংক্রান্ত স্বল্প ও দীর্ঘ মেয়াদী লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারন ও পরিকল্পনা প্রনয়ন করা হয়।

১. **লক্ষ্য (Vision)ঃ** এই কর্মপদ্ধতি প্রণয়নের মূল লক্ষ্য (Vision) হচ্ছে, বি.এস.সি.আই আচরণবিধি অনুযায়ী শ্রমিকদের অধিকার ও নিরাপত্তা প্রদানের উদ্দেশ্যে স্বল্প ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা ও নিবিড় তত্বাবধায়নের মাধ্যমে তা অর্জনের জন্য সর্বোচ্চ প্রচেস্টা অব্যহত রাখা।

২. **উদ্দেশ্য (Mision)ঃ** এই উদ্দেশ্য (Mision) নির্ধারণ ও কর্মপদ্ধতি প্রণয়নের উদ্দেশ্য হলঃ

১. বি.এস.সি.আই আচরণবিধি অনুযায়ী টেকসই উন্নতির উদ্দেশ্য ক্রমধারা পদ্ধতি অবলম্বন (step-wise approach)

২. শ্রমিক ও শ্রমিক প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে প্রগতিশীল মিশন-ভিশন ও পরিকল্পনা প্রণয়ন।

৩. নিয়মিত নিরীক্ষণের মাধ্যমে পরিকল্পনা বাস্তবায়ন।

৪. এই প্রতিষ্ঠানে বি.এস.সি.আই. আচরণবিধির প্রয়োগ ক্রমান্বয়ে উন্নতিকরণ।

৩. **উদ্ধৃতি (Reference)ঃ** বি. এস.সি.আই আচরণবিধি ১/২০১৪ অনুচ্ছেদ-২.২

আলাউদ্দিন গার্মেন্টস লিঃ. **BSCI** আচরন বিধিতে নিম্নলিখিত শ্রমনীতি সমর্থন করে। সে কারনেই **BSCI** আচরন বিধি ক্রমাগত উন্নয়ন ও অগ্রগতির জন্য অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্য (Mission and Vission) সর্বসম্মতিক্রমে নির্ধারন করা হয়েছে।

৪. লক্ষ্য, উদ্দেশ্য ও বাস্তবায়ন কর্মসূচিঃ

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
যৌথ দর কষাকষি ও সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা (The Right of Freedom of Association & Collective Bargaining)	ব্যবসা সহযোগীরাঃ (ক) কর্মীদের স্বাধীনভাবে ও গনতান্ত্রিক উপায়ে শ্রমসংঘ গড়ে তোলার অধিকার মান্য করবে (খ) শ্রম সংঘের সদস্যতার কারণে কোন কর্মীর প্রতি বৈষম্যমূলক আচরণ করবে না এবং (গ) কর্মীদের যৌথ দর কষাকষি করার অধিকারটিকে মান্য করে চলবে। কর্মী প্রতিনিধিদের কর্মস্থলে কর্মীদের সঙ্গে যোগাযোগ করা বা তাদের সঙ্গে কথোপকথনে ব্যবসা সহযোগীরা বাধা দেবে না। যেসব দেশে শ্রম সংঘের ক্রিয়াকলাপ বেআইনী মনে করা হয় বা যেখানে স্বাধীনভাবে গনতান্ত্রিক শ্রম সংঘের ক্রিয়াকলাপের অনুমতি নেই সেখানে ব্যবসা সহযোগীরা ঐ নীতিকে মান্য করতে কর্মীদের স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধি নির্বাচন করার অনুমতি দেবে যাতে তাদের সঙ্গে কোম্পানি কর্মস্থলের বিষয়গুলি নিয়ে আলাপ আলোচনা করতে পারে।	ক্রমান্বয়ে কারখানার ১০০% শ্রমিককে কর্মক্ষেত্রে তাদের যৌথ দর কষাকষি ও সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা সম্পর্কে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হবে। **কর্মসূচিঃ** ১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত, ২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান, ৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান, ৪. পূনঃপ্রশিক্ষণ প্রদান।	কমপ্লায়েন্স অফিসার	ট্রেনিং ক্যালেন্ডার অনুযায়ী ৩১/১২/২০১৮ সালের মধ্যে ১০০% কর্মী
অ-বৈষম্য (No Discrimination)	লিঙ্গ, বয়স, ধর্ম, জাতি, বর্ণ, জন্ম, সামাজিক পটভূমি, অক্ষমতা, জাতিগত ও রাষ্ট্রীয় উৎস, রাষ্ট্রীয়তা, শ্রমসংঘ বা অন্য কোন বৈধ সংগঠনের সদস্যতা, রাজনৈতিক সম্বন্ধ বা মতামত, যৌন প্রবণতা, পারিবারিক দার্য়িত্ব, বৈবাহিক পরিস্থিতি, রোগ বা এমন অন্য কোন অবস্থা যার ফলে বৈষম্যমূলক ধারণা হতে পারে সেসবের ভিত্তিতে ব্যবসা সহযোগী কোন ব্যক্তির প্রতি বৈষম্য করবে না, বহির্ভূত করবে না বা কোনরকম পক্ষপাতিত্ব রাখবে না। বিশেষ করে, উপরোক্ত কোন কারনবশত কর্মীকে উত্যক্ত করা বা শাস্তি দেওয়া হবে না।	কারখানার শ্রমিক নিয়োগ, উৎপাদন কার্যক্রম পরিচালনা, বেতন-ভাতা প্রদান, পদোন্নতি ও বিভিন্ন সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনরকম বৈষম্য করা হয় না।ভবিষ্যতে যাতে এ ধরনের বৈষম্য মূলক কোন কিছু সংঘটিত না হয় এজন্য নিয়মিত মনিটরিং ও প্রশিক্ষনের এর মাধ্যমে সকল সেকশন প্রধান, ইনচার্জ, লাইন চীফ, সুপারভাইজার ও শ্রমিক কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে। কারখানায় কোন শ্রমিক বৈষম্যের স্বীকার হচ্ছে কিনা তা যাচাই	কমপ্লায়েন্স অফিসার	বছরে কমপক্ষে ২ বার।

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
		করার জন্য শ্রমিকদের প্রিরিয়ডিক মতামত গ্রহন করা হবে। প্রতি বছরে কমপক্ষে ২ বার এ ধরণের মতামত সংগ্রহ করা পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। কর্মসুচিঃ ১. অংশগ্রহণ কমিটি ও সেইফটি কমিটি কর্তৃক নিয়মিত মতামত গ্রহণ করা হবে। ২. মতামত বিশ্লেষণ করে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।		
ন্যায্য পারিশ্রমিক (Fair Remuneration)	কর্মীর নিজের ও পরিবারের জন্য সন্তোষজনক জীবনযাপনের পক্ষে পর্যাপ্ত ন্যায্য পারিশ্রমিক পাওয়ার অধিকার আইনত প্রাপ্য সামাজিক সুবিধার অধিকার মান্য করলে এবং নিচে বর্ণিত বিশেষ প্রত্যাশা কোনরকম হানি না করলে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলবে। সরকার দ্বারা নির্ধারিত ন্যূনতম বেতনের আইন অথবা যৌথ দর কষাকষির ভিত্তিতে শিল্পোদ্যোগের অনুমোদিত মানদন্ড, যেটা বেশী সেইমত ব্যবসা সহযোগী ন্যূনতম বেতনের নিয়ম মেনে চলবে। সময়মত, নিয়মিত এবং আইনত গ্রাহ্য মুদ্রায় পূর্ণ বেতন দিতে হবে। আইএলও-র নির্দেশমত, ভাতা হিসাবে ”দ্রব্যরুপে” আংশিক বেতন দেওয়া গ্রহণযোগ্য হবে। বেতনের স্তরে কর্মীদের কর্মদক্ষতা ও শিক্ষাগত যোগ্যতা প্রতিফলিত হবে এবং নিয়মিত কাজের সময়কাল অনুসারে দেওয়া হবে। কেবল বিশেষ পরিস্থিতিতে এবং আইনত নির্দিষ্ট করা পরিমাণমত	আলাউদ্দিন গার্মেন্টস লিঃ BSCI আচরন বিধির ন্যায্য পারিশ্রমিক নীতি পুরোপুরি সমর্থন করে, এবং এই উদ্দেশ্যে একজন শ্রমিকের নিজের ও পরিবারের জন্য সন্তোষজনক জীবনযাপনের পক্ষে পর্যাপ্ত ন্যায্য পারিশ্রমিক হিসাব করা হয়েছে এবং তা প্রদানের ব্যবস্থা করবে।	কমপ্লায়েন্স অফিসার	৩১/১২/২০২০ সালের মধ্যে ১০০% শ্রমিক

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
	বা যৌথ দর কষাকষি দ্বারা স্থির করা শর্তমত বেতন থেকে বাদ দেওয়ার অনুমতি দেওয়া হবে।			
যথোচিত কর্মঘন্টা (Decent Working Hours)	এখানে বর্ণিত বিশেষ প্রত্যাশা হানি না করে, ব্যবসা সহযোগী যখন সুনিশ্চিত করবে যে কর্মীদের প্রতি সপ্তাহে নিয়মিত ৪৮ ঘন্টার বেশী কাজ করতে হবে না তখন তারা এই নীতি মেনে চলবে। তবে, বিএসসিআই আইএলও দ্বারা নির্দিষ্ট ব্যতিক্রমগুলি স্বীকার করে নিয়েছে। আইএলও দ্বারা নির্ধারিত আন্তর্জাতিক কাঠামো অনুসারে, প্রযোজ্য রাষ্ট্রীয় আইন, শিল্পোদ্যোগের নির্দিষ্ট মানদন্ড বা যৌথ চুক্তির অর্থ বুঝে নিতে হবে। আইএলও দ্বারা বর্ণিত ব্যতিক্রমী কেসে উপরোক্ত কাজের সময়সীমা অতিক্রম করা যায়, সেক্ষেত্রে ওভারটাইম অর্থাৎ অতিরিক্তি পারিশ্রমিক দেওয়ার অনুমতি আছে। কেবলমাত্র ব্যতিক্রমী পরিস্থিতিতে, স্বেচ্ছায় ওভারটাইম ব্যবহার করা যায়, যা নিয়মিত বেতনদরের এক ও এক-চতুর্থাংশ গুণের চেয়ে কম দরে দেওয়া যাবে না এবং পেশাগত, বিপদাশঙ্কার চেয়ে বেশী সম্ভাবনা থাকবে না। তাছাড়া, ব্যবসা সহযোগীরা তাদের কর্মীদের প্রতিটি কাজের দিনে বিশ্রামের জন্য বিরতি এবং প্রতি সাত দিনে কমপক্ষে একদিনের ছুটির অধিকার দেবে, এর একমাত্র ব্যতিক্রম হবে যদি যৌথ চুক্তিতে বর্ণিত ব্যতিক্রম প্রযোজ্য হয়।	আলাউদ্দিন গার্মেন্টস লিঃ বিএসসিআই আচরন বিধির যথোচিত কর্মঘন্টা নীতি সমর্থন করে। কর্মঘন্টা যেন কোন অবস্থাতেই বৃদ্ধি না পায় সে উদ্দেশ্যে উৎপাদন বৃদ্ধির সাথে সাথে প্রোডাকশন ফ্লোরের সংখ্যা বাড়ানো হয়েছে এবং নতুন মেশিন ক্রয় করা হয়েছে এবং প্রয়োজনে আরোও মেশিন ক্রয় করা হবে। যে কোন পরিস্থিতিতে যেন কর্মঘন্টা বর্ধন না করে আইন মোতাবেক পরিচালনা করা সম্ভব হয় তা নিশ্চিত করা হবে। **কর্মসূচিঃ** ১. নিয়মিত মেশিনের রক্ষনাবেক্ষণ, ২. কর্মীর উৎপাদন ক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ, ৩. প্রয়োজনে অধিক দক্ষ শ্রমিক নিয়োগ করা হবে।	কমপ্লায়েন্স অফিসার	৩১-১২-১৮ ইং
পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (Occupational Health & Safety)	বিএসসিআই আচরন বিধিতে বর্নিত নির্দিষ্ট প্রত্যাশা হানি না করে ব্যাবসা সহযোগী যদি কর্মী এবং স্থানীয় সম্প্রদায়ের সুস্থ্য কাজের ও জীবন যাপনের পরিবেশ মান্য করে তাহলে তারা এই নীতি মেনে চলবে।অল্প বয়সী কর্মী, নতুন ও সম্ভাবনাময় মায়েরা এবং বিকলাঙ্গ ব্যক্তিরা বিশেষ নিরাপত্তা পাবেন তবে এই নিরাপত্তা শুধু তাদেও মধ্যে সীমাবদ্ধ থাকবে না।	আলাউদ্দিন গার্মেন্টস লিঃ কারখানায় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ওএইচএস ও ইএইচএস কমিটি গঠন করেছে এবং সেফটি কমিটি গঠন করা হয়েছে। কারখানার শ্রমকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে নিয়মিত প্রশিক্ষন প্রদান করা হয়ে থাকে। এছাড়া কারখানায়	কমপ্লায়েন্স অফিসার	৩০-১২-১৭ ইং

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
	ব্যবসা সহযোগী পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার নিয়ম অথবা যেখানে দেশীয় আইন দূর্বল অথবা কঠোরভাবে বলবৎ না সেখানে আন্তর্জাতিক মান অনুসরন করবে। নিরাপদ ও সুস্থ্য কাজের পরিবেশ সুনিশ্চিত করার জন্য ব্যবস্থার বিকাশ ও সম্পাদন করার জন্য পরিচালক বর্গ ও কর্মিদের, এবং/অথবা তাদেও প্রতিনিধিদের মধ্যে সক্রিয় সহযোগীতা একান্ত জরুরী। পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সমিতি গঠন করে এটা করা সম্ভব। কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তায় বিপদের সম্ভাবনা সন্ধান, মূল্যায়ন, পরিহার ও প্রক্রিয়ার জন্য সুব্যবস্থা আছে কিনা তা ব্যবসা সহযোগীরা সুনিশ্চিত করবে। কাজের দরুন, কাজের সময় বা কাজের সঙ্গে জড়িত কর্মীদের দূর্ঘটনা , আঘাত বা অসুস্থ্যতা প্রতিরোধের জন্য তারা ফলপ্রসু উপায় অবলম্বন করবে। এইসব উপায় কর্মস্থলে সহজাত বিপদাশঙ্কার কারনগুলি যতটা সমীচিন সেইমত কম করার প্রচেষ্টা করবে। ব্যবসা সহযোগীরা বাধ্যতামূলক বীমা প্রকল্প সমেত দূর্ঘটনায় কর্মদের নিরাপত্তায় উন্নয়ন সাধনের প্রয়াশ করবে। নিজিদের প্রভাব ক্ষেত্রের পরিধি মধ্যে ব্যবসা সহযোগীরা সবরকম উপযুক্ত উপায় অবলম্বন করবে যাতে নিয়োগকর্তা কর্মীদের যে বাসস্থান এবং ব্যবহারের জন্য যেসব যন্ত্রপাতি ও বিল্ডিং পরিসর দেয় তা যেন সুস্থিত ও সুরক্ষিত হয় এবং পূর্বানুমান করা যায় এমন সঙ্কটাবস্থা থেকে সুরক্ষিত রাখা যায়। আসন্ন বিপদে কর্মীর অনুমতি না নিয়ে পরিসর থেকে প্রস্থান করার যে অধিকার আছে তা ব্যবসা সহযোগী মান্য করে। ব্যবসা সহযোগী পর্যাপ্ত পেশাগত চিকিৎসা সহায়তা ও আনুষাঙ্গিক	দুইজন রেজিস্ট্র্যাড চিকিৎসক এবং দুইজন নার্স নিয়োগ করা আছে। কারখানায় ১০০ ভাগ শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণ করবে। উল্লিখিত সময়সীমার মধ্যে হতাহতের ঘটনা ১০০% কমিয়ে ০ (শুণ্যের) কোটায় আনা হবে। **কর্মসুচিঃ** ১. নিয়মিত প্রশিক্ষণ, ২. প্রতিটি ইনজুরির তদন্ত, ৩. কর্মক্ষেত্রের ঝুকি নিরুপন, ৪. ঝুকি প্রতিরোধে প্রতিরোধ ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ, এবং ৫. চলমান নিরীক্ষণ।		

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
	সুব্যবস্থা সুনিশ্চিৎ করে। ব্যবসা সহযোগী পানীয় জল, নিরাপদ ও পরিচ্ছন্ন আহার করা ও বিশ্রাম করার স্থান ও পরিচ্ছন্ন ও নিরাপদ রান্না করা ও খাবার মজুদ রাখার স্থান পাওয়ার অধিকার সুনিশ্চিত করবে। তাছাড়া, ব্যবসা সহযোগীরা সর্বদা সবকমীদের বিনামূল্যে কার্যকর ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম অর্থাৎ পার্সোনাল প্রোটেক্টিভ ইকুপমেন্ট (পিপিই) দেবে।			
শিশু শ্রমিক না (No Child Labour)	আইএলও দ্বারা স্বীকৃত ব্যতিক্রম ছাড়া, আইনে বর্নিত বাধ্যতামূলক স্কুল শিক্ষার নূন্যতম বয়সের কমবয়সী শিশুদের, যা ১৫ বছরের কম বয়স না, সরাসরি বা পরোক্ষভাবে কাজে নিযুক্ত না করে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলে। ব্যবসা সহযোগীদের কর্মনিযুক্ত প্রনালীতে বয়সের সততা প্রতিপাদনের কঠোর পদ্ধতি স্থির করে নিতে হবে, যা কর্মীর প্রতি কোন প্রকারে অসম্মানজনক বা মর্যাদাহানিকর হবে না। অপ্রাপ্তবয়স্কদের যে কোন প্রকারের উৎপীড়ন থেকে সুরক্ষিত রাখা এই নীতির উদ্দেশ্য। অপ্রাপ্তবয়স্কদের চাকরী থেকে বরখাস্ত করার সময় বিশেষ লক্ষ্য রাখা প্রয়োজন কেননা তাদের আরও বিপজ্জনক কাজে যেমন বেশ্যাবৃত্তি বা ড্রাগ লেনদেনের কাজে নিযুক্ত করা যায়। অপ্রাপ্তবয়স্কদের কর্মস্থল থেকে সরিয়ে দেওয়ার সময়, ঐসব প্রভাবিত অপ্রাপ্ত বয়স্কদের নিরাপত্তা সুনিশ্চিত করতে ব্যবসা সহযোগীদের সক্রিয়ভাবে উপায়ের সন্ধান করতে হবে। যেখানে উপযুক্ত সেখানে প্রভাবিত অপ্রাপ্তবয়স্কের পরিবারের প্রাপ্ত বয়স্ক সদস্যকে সন্তোষজনক কাজ দেওয়ার সম্ভাবনা তাদের বিবেচনা করে দেখা উচিত।	আলাউদ্দিন গার্মেন্টস লিঃ কারখানার নিজেস্ব নীতিমালা ও BSCI আচরন বিধিতে বর্নীত "শিশু শ্রমিক না" নীতি মেনে চলে। কারখানায় শ্রমিক নিয়োগের সময় যাতে কোনভাবেই ১৮ বছরের নিচে কোন শ্রমিক নিয়োগ না হয় এজন্য বয়স প্রমানের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জন্ম সনদপত্র, ভোটার আইডি কার্ড ভালভাবে যাচাই করা হয়। প্রাথমিক বাছাইয়ের পরও প্রার্থির বয়স নির্ধারনের বিষয়টি অধিকতর নিশ্চিত হওয়ার জন্য রেজিষ্ট্যার্ড চিকিৎসকের মাধ্যমে প্রার্থীর বয়স নির্ধারন করা হয়। এবিষয়ে নিয়োগের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও শ্রমিকদের নিয়মিত প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে। উল্লিখিত সময়সীমার মধ্যে ১০০% শ্রমিককে শিশুশ্রম সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। **কর্মসূচিঃ** ১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত,	কমপ্লায়েন্স অফিসার	প্রশিক্ষণ ক্যান্ডোর, ৩১/১২/২০১৭ সালের মধ্যে ১০০% শ্রমিক

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
		২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান, ৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান,		
অল্পবয়সী কর্মীদের জন্য বিশেষ নিরাপত্তা (Special Protection for Young Workers)	অল্পবয়সীদের রাত্রে কাজ না করতে দেওয়া এবং এই নীতিতে বর্ণিত বিশেষ প্রত্যাশার হানি না করে, তাদের স্বাস্থ্য, নিরাপত্তা, নৈতিক মূল্যবোধ ও বিকাশের পক্ষে ক্ষতিকর কাজের পরিবেশ থেকে তাদের সুরক্ষিত রাখা সুনিশ্চিত করে ব্যবসা সহযোগী এই নীতি মেনে চলে। অল্পবয়সীদের কাজে নিযুক্ত করা হলে, ব্যবসা সহযোগীদের এই বিষয়গুলি সুনিশ্চিত করা প্রয়োজন যে ক) ঐ প্রকারের কাজ তাদের স্বাস্থ্য ও বিকাশের জন্য ক্ষতিকর হবে না; খ) তাদের কাজের ঘন্টার জন্য স্কুলে উপস্থিতিতে, উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা অনুমোদিত পেশাদার ভর্তিতে তাদের অংশগ্রহন বা প্রশিক্ষন বা শিক্ষনমূলক কর্মসূচী দ্বারা লাভবান হওয়ার ক্ষমতার কোনরকম ক্ষতি হবে না। অল্পবয়সী কর্মীদের ক্ষতি প্রতিরোধ, সনাক্ত ও হ্রাস করতে ববসা সহযোগী প্রয়োজনীয় পদ্ধতি স্থির করবে, অল্পবয়সী কর্মীদের কার্যকর অভিযোগ পদ্ধতি ও পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা প্রশিক্ষন প্রকল্প ও কর্মসূচীর সুযোগ দেওয়ার ব্যাপারে বিশেষ লক্ষ্য রাখবে।	এই প্রতিষ্ঠানে রয়েছে বিভিন্ন ধরণের কর্মক্ষেত্র। এই কারখানার সকল কর্মক্ষেত্র সব ধরণের মানুষের অনুকূলে থাকে না। যেমন ডায়িং বিভাগের তাপমাত্রা, পর্যাপ্ত পরিমানে এগজষ্ট ফ্যান লাগানোর পরেও, গ্রীষ্মকালে ৪৩° সে. পর্যন্ত পৌঁছাতে পারে যা কিশোর কর্মীদের জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে। আরো রয়েছে বিভিন্ন কেমিক্যালের ব্যবহার যা যথাযথ নিরাপত্তামুলক সরঞ্জাম ব্যবহার না করলে অসতর্কতা বসত শরীরের সংস্পর্শে আসতে পারে। যেহেতু একজন কিশোর স্বভাবজাতভাবেই অসতর্ক থাকে, তাই একজন কিশোরের মঙ্গলের বিষয় বিবেচনা করে এ ধরণের কাজে কোন কিশোর শ্রমিককে নিয়োগ প্রদান করা থেকে বিরত থাকাকে কারখানা কর্তৃপক্ষ সমীচিন মনে করে। এছাড়াও গার্মেন্ট বিভাগের এক সেকশনের সাধে অন্য সেকশনের সমন্বয় ধরে রাখতে উৎপাদনের সমান প্রবাহ বজায় রেখে পূর্ণ উদ্যমে অত্যন্ত সতর্কতার সাথে কর্মীদের কে তাদের কর্ম সম্পাদন করতে হয়। অন্যথায় বিভিন্ন সেকশনের মধ্যে চলমান সমন্বয় ব্যবস্থা বাধাগ্রস্থ্য হয়ে উৎপাদন প্রক্রিয়ায় বিশৃঙ্খলা দেখা দেয়। এভাবে পূর্ণ	মানবসম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স	৩১/১২/২০১৮

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
		উদ্যমতা, মানুষিক চাপ ও অত্যাধিক সতর্কতা বজায়রেখে কাজ করলে একজন কিশোরের মানষিক বিকাশ বাধাগ্রস্থ্য হয়ে থাকে। এ কারণে কর্তৃপক্ষ একজন কিশোরের শারীরিক ও মানুষিক বিকাশের বিষয় বিবেচনা করে এই কারখানায় কিশোর শ্রমিকদের নিয়োগে আপাতত নিরুৎসাহিত করে। উল্লিখিত সময়সীমার মধ্যে কারখানায় কিশোর শ্রমিক নিয়োগের জন্য যথাযখ ব্যবস্থা করা হবে। কর্মসূচিঃ ১. কিশোর শ্রমিক সংক্রান্ত ঝুঁকি নিরুপন. ২. উপযুক্ত কর্মক্ষেত্র তৈরি, ৩. আবেদনের প্রেক্ষিতে কিশোর শ্রমিক নিয়োগ, ৪. আইন ও বিধিমালা মোতাবেক কর্মকান্ড পরিচালনা		
আশঙ্কাজনক কর্মনিযুক্তি না (No Precarious Employment)	এই অধ্যায়ে বর্নিত বিশেষ প্রত্যাশার হানি না করে ব্যবসা সহযোগী ও নীতি মেনে চলবে যখন ক) তারা সুনিশ্চিত করবে যে তাদের কর্মনিযুক্তির সম্পর্ক তাদের কর্মীদের বিপন্ন করছেনা এবং সামাজিক বা আর্থিকভাবে অসহায় করে দিচ্ছেনা; খ) রাষ্ট্রীয় আইন প্রথা বা রীতি এবং আন্তর্জাতিক শ্রমের আদর্শমান, যেটিতে বেশি নিরাপত্তা পাওয়া যায় সেইমত নির্ধারিত একটি স্বীকৃত ও নথিভুক্ত কর্মনিযুক্তির সম্পর্কের ভিত্তিতে কাজ করা হবে।	আলাউদ্দিন গার্মেন্টস লিঃ কারখানায় শ্রমিকদের জন্য একটি নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করে। কর্মীদের তাদের অধিকার, দায়িত্ব এবং কাজের ঘন্টা, পারিশ্রমিক এবং বেতনের বিষয়ে প্রশিক্ষনের মাধ্যমে অবহিত করা হয় এবং এক্ষেত্রে আলাউদ্দিন গার্মেন্টস লিঃ দেশীয় আইন মেনে চলে। প্রত্যেকটি মেশিনের ঝুকি নিরুপন করে এর	কমপ্লায়েন্স অফিসার	৩১-১২-২০১৮ ইং এর মধ্যে ১০০% শ্রমিক।

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
	কর্মনিযুক্তির আগে, ব্যবসা সহযোগী তাদের কর্মদের তাদের অধিকার, দায়িত্ব এবং কাজের ঘন্টা, পারিশ্রমিক এবং বেতনের শর্তসমেত নিযুক্তির শর্ত বিষয়ে সহজবোধ্য তথ্য জানিয়ে দেবে। ব্যবসা সহযোগীদের নারী পুরুষ উভয় কর্মীদের জন্য সন্তোষজনক কাজের পরিস্থিতি দেওয়ার প্রয়াস করতে হবে যাতে তাদের মা-বাবা বা তত্বাবধানকারীর ভূমিকায় সাহায্য করা যায়, এটা বিশেষ করে প্রবাসী কর্মী ও মৌসুমী কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য যাদের সন্তানদের প্রবাসীদের দেশের বাড়ীতে রেখে আসতে হয়। ব্যবসা সহযোগীরা নিযুক্তির বন্দোবস্ত এমনভাবে ব্যবহার করবে না যা জেনেশুনে আইনের প্রকৃত উদ্দেশ্যের সঙ্গে সুসামঞ্জস্য না। তাতে আছে ক) শিক্ষানবিশি প্রকল্প যেখানে কর্মকৌশল শেখানো বা নিয়মিত নিযুক্তির কোন অভিপ্রায় নেই, খ) মৌসুমী বা আকস্মিক কাজ যা কমীদের নিরাপত্তা ব্যহত করতে পারে এবং গ) শুধু শ্রমভিত্তিক চুক্তি-তবে তা এই পর্যন্ত সীমিত না। তাছাড়া, এমনভাবে সাবকন্ট্রাক্ট করা হবে না যা কর্মীদের অধিকার ব্যাহত করতে পারে।	উপর প্রশিক্ষনের ব্যবস্থা করা হবে, যাতে করে শ্রমিকগন নিরাপদে ও সঙ্কামুক্ত পরিবেশে কাজ করতে পারে। উল্লিখিত সময়সীমার মধ্যে কারখানার ১০০% শ্রমিককে এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। **কর্মসূচি:** ১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত, ২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান, ৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান,		
দায়বদ্ধ শ্রম না (No Bonded Labour)	ব্যবসা সহযোগী কোন প্রকারের দাসত্ব, বলপূর্বক, ঋনের দায়ে বদ্ধ, শর্তবদ্ধ, মানুষ বেচাকেনা বা অনিচ্ছাকৃত শ্রম আদায়ে জড়িত হবে না। ব্যবসা সঙ্গীদের দ্বারা এই প্রকারের শ্রম আদায়ের ফলে যদি ব্যবসা সহযোগী লাভবান হয় তাহলে তাদের জটিলতার দায়ে অভিযুক্ত করার আশঙ্কা থাকবে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রবাসী কর্মীদের কাজে জড়িত ও নিযুক্ত করার সময় ব্যবসা সহযোগীদের বিশেষ সযত্ন পদক্ষেপ নিতে হবে।	আলাউদ্দিন গার্মেন্টস লিঃ কারখানায় দাসত্ব, বলপূর্বক, দায়বদ্ধ, শর্তবদ্ধ, অনিচ্ছাকৃত শ্রম আদায়ে সমর্থন করে না। কর্মীদের যাতে অমানবিক বা অপমানজনক ব্যবহার, দৈহিক দন্ড, মানসিক বা শারীরিক অত্যাচার এবং/ অথবা গালিগালাজের সম্মুখীন না হতে হয় তা সুনিশ্চিত করে। সব শাস্তিমূলক ব্যবস্থা গ্রহনের ক্ষেত্রে কোম্পানী নীতিমালা ও দেশীয় আইন মেনে	কমপ্লায়েন্স অফিসার	৩১-১২-২০১৮ ইং এর মধ্যে ১০০% শ্রমিক

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
	ব্যবসা সহযোগীদের কর্মীদের কাজ ছেড়ে যাওয়ার অধিকার দিতে হবে এবং কর্মী নিয়োগকর্তাকে যুক্তিসঙ্গত নোটিশ দিয়ে রাখলে তাকে বিনা বাধায় চাকরি থেকে অব্যহতি দিতে হবে। কর্মীদের যাতে অমানবিক বা অপমানজনক ব্যবহার, দৈহিক দন্ড, মানসিক বা শারীরিক অত্যাচার এবং/অথবা গালিগালাজের সম্মুখীন না হতে হয় তা ব্যবসা সহযোগী সুনিশ্চিত করবে। সব শাস্তিমূলক প্রনালী লিখিতভাবে স্থির করে নিতে হবে ও স্পষ্ট ও বোধগম্য ভাষায় কর্মীদের মৌখিকভাবে বুঝিয়ে দিতে হবে।	চলে। এছাড়াও কারখানায় বাধ্যতামূলক শ্রম সম্পর্কে সকল কর্মীদের প্রশিক্ষনের ব্যবস্থা করবে। উল্লিখিত সময়সীমার মধ্যে কারখানার ১০০% শ্রমিককে এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। **কর্মসূচি:** ১. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত, ২. নিয়মিত প্রশিক্ষণ প্রদান, ৩. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান		
পরিবেশ সুরক্ষা (Protection of Environment)	এই অধ্যায়ে বর্নিত বিশেষ প্রত্যাশা হানি না করে ব্যবসা সহযোগী যখন পরিবেশ অবক্ষয় এড়িয়ে যাওয়ার জন্য যথোপযুক্ত পদক্ষেপ নেবে তখন তারা এই নীতি মেনে চলবে। ক্রিয়া কলাপের ফলে পরিবেশে গুরুত্বপূর্ন প্রভাব ব্যবসা সহযোগীদের মূল্যায়ন করে দেখতে হবে এবং পরিবেশের প্রতি তাদের দায়িত্ব জ্ঞান প্রতিফলিত করে এমন কার্যকর পলিসি ও প্রনালী নির্ধারন করতে হবে। সম্প্রদায় প্রাকৃতিক সম্পদ এবং সব সমেত পরিবেশ প্রতিকূল প্রভাব কম বা প্রতিরোধ করার জন্য তাদের যথেষ্ট পদক্ষেপ নেওয়ার ব্যাপারে সজাগ থাকতে হবে।	কারখানার দৈনন্দিন উৎপাদন কার্জের ফলে সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য ইটিপি স্থাপন করা হয়েছে এবং উৎপাদন বৃদ্ধি ও মেশিনপ্রত্রের সংখ্যা বৃদ্ধির সাথে ইটিপির আয়তন আরও বৃদ্ধি করা হচ্ছে। পুরাতন মেশিন এর পরিবর্তে নতুন কাটিং, সুইং, ডাইং ও নিটিং মেশিন ক্রয় করা হয়েছে এবং উৎপাদনের জন্য কম শক্তিতে চলতে পারে ও পরিবেশবান্ধব এমন উন্নতমানের ও প্রযুক্তিনির্ভর মেশিন ক্রয় করা হচ্ছে। পরিবেশবান্ধব শূন্য নির্গমন পরিকল্পনা গ্রহন ও পর্যায়ক্রমে তা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। কারখানায় উৎপাদন কার্য পরিচালনার ফলে পরিবেশের উপর এর যে সামগ্রিক প্রভাব পড়ছে তা পেশাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে মূল্যায়ন করা	কমপ্লায়েন্স অফিসার	৩১.১২.২০১৯ ইং।

HIGG & BSCI মূলনীতি	বিষয়বস্তু	লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach)	দায়িত্বশীল ব্যাক্তি	সময়সীমা
		হবে। **কর্মসূচিঃ** ১. Environmental Impact asessment সম্পন্ন করা. ২. ZDHC কার্যক্রম বাস্তবায়ন ৩. শূন্য নির্গমন পরিকল্পনা গ্রহন ও পর্যায়ক্রমে তা বাস্তবায়ন।		
নৈতিক ব্যবসায়িক আচরন (Ethical Business Behaviour)	এই অধ্যায়ে বর্ণিত লক্ষ্যে ও প্রত্যাশা হানি না করে যখন ব্যবসা সহযোগীরা কোন প্রকারের দূর্নীতি পরায়ণ কাজ, অবৈধ জুলুম বা আত্মসাৎ করা বা কোন প্রকারের ঘুষ দেওয়া নেওয়ায় জড়িত হবে না তাতে যে কোন প্রকারের অন্যায্য আর্থিক বা অন্য কোন লোভনীয় প্রতিশ্রুতি, প্রস্তাব, দেওয়া বা নেওয়া থাকতে পারে তবে এতেই সীমায়িত না তাহলে তারা এই নীতি মেনে চলবে। ব্যবসা সহযোগীদের কাছ থেকে আশা করা হয় যে তারা নিজেদের ক্রিয়াকলাপ, কাঠামো ও সম্পাদিত কাজকর্মের সঠিক তথ্য রাখবে এবং প্রযোজ্য নিয়ম এবং শিল্পোদ্যোগের আদর্শ পদ্ধতি অনুসারে প্রকাশ করবে। ব্যবসা সহযোগীরা সরবরাহ শৃঙ্খলে কোন রকম মিথ্যা বর্ণনা দেবে না বা এইসব তথ্যের মিথ্যা বর্ণনা করবে না। তাছাড়া, তাদের যুক্তিসঙ্গত সাবধানতা অবলম্বন করে ব্যক্তিগত (কর্মী, ব্যবসা সহযোগী, গ্রাহক ও ক্রেতাদের প্রভাব ক্ষেত্রে থেকে প্রাপ্ত তথ্য সমেত) তথ্য সংগ্রহ, ব্যবহার এবং অন্যন্য প্রক্রিয়াকরণে তথ্য নিরাপত্তার আইন ও গোপনীয়তার আইন এবং নিয়ন্ত্রক শর্তাদি মান্য করে চলতে হবে।	কারখানার উৎপাদন কার্যক্রম ও বিভিন্ন ধরনের লেনেদেনের ক্ষেত্রে কোন কর্মকর্তা, কর্মচারী যাতে কোন প্রকারের দূর্নীতি পরায়ণ কাজ, অবৈধ জুলুম বা আত্মসাৎ করা বা কোন প্রকারের ঘুষ দেওয়া নেওয়ায় সাথে জড়িত না হয় এবং কোন প্রকারের অন্যায্য আর্থিক বা অন্য কোন লোভনীয় প্রতিশ্রুতি, প্রস্তাব, দেওয়া বা নেওয়া থেকে বিরত থাকে, তা নিশ্চিত করার জন্য বিভিন্ন কার্যকরী ব্যবস্থা গ্রহন করেছে। যেমন যথাযথ নীতিমালা প্রনোয়ন করা হয়েছে, কার্যকরিতা পর্যবেক্ষন করা হচ্ছে এবং প্রশিক্ষনের ব্যবস্থা চালু আছে। উল্লিখিত সময়সীমার মধ্যে ১০০% শ্রমিকদের নৈতিক আচরণ সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হবে। **কর্মসূচিঃ** ৪. প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত, ৫. নিয়মিত প্রশিক্ষণ প্রদান, ৬. নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান।	কমপ্লায়েন্স অফিসার	৩১-১২-২০১৮ ইং এর মধ্যে ১০০% শ্রমিক

৫. অংশগ্রহণ কমিটির প্রতিটি সভায় এই প্রতিটি লক্ষ্য (Vision), উদ্দেশ্য (Mision) ও ক্রমধারা কর্মসূচী (Step by Step Approach) নিরীক্ষণ করা হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।